Website: www.bangladesh-bank.org
www.bangladeshbank.org.bd

**আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ**
**বাংলাদেশ ব্যাংক**
**প্রধান কার্যালয়**
**ঢাকা।**

ডিএফআইএম সার্কুলার লেটার নং-০৫

তারিখঃ ০৮ শ্রাবণ, ১৪২০ / ২৩ জুলাই, ২০১৩

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক,
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

**আর্থিক বিবরণী প্রস্তুত প্রসংগে।**

উপরোক্ত বিষয়ে ২৩ ডিসেম্বর, ২০০৯ তারিখের ডিএফআইএম সার্কুলার নং-**১১** এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

উক্ত সার্কুলারের নির্দেশনা মোতাবেক আর্থিক প্রতিষ্ঠানসমূহকে ব্যাংক কোম্পানী আইন, **১৯৯১** এর প্রথম তফসিল এর আলোকে প্রস্তুতকৃত **আর্থিক বিবরণী** বাংলাদেশ ব্যাংকে দাখিলের এক সপ্তাহের মধ্যে বহুল প্রচারিত একটি জাতীয় বাংলা দৈনিক ও একটি ইংরেজী দৈনিক পত্রিকায় প্রচার করাসহ কোম্পানীর ওয়েবসাইটে প্রকাশ করতে হয়। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, কোন কোন আর্থিক প্রতিষ্ঠান আর্থিক বিবরণীর পরিবর্তে শুধু ব্যালেন্সশীট একটিমাত্র পত্রিকায় প্রকাশ করছে, যা ২৩ ডিসেম্বর, ২০০৯ তারিখের বর্ণিত সার্কুলারের নির্দেশনার সাথে সংগতিপূর্ণ নয়।

এমতাবস্থায়, **আর্থিক বিবরণী** প্রস্তুত ও প্রকাশের বিষয়ে ২৩ ডিসেম্বর, ২০০৯ তারিখের ডিএফআইএম সার্কুলার নং-**১১** এর নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করার জন্য সকল আর্থিক প্রতিষ্ঠানকে নির্দেশ দেয়া যাচ্ছে। আর্থিক বিবরণী পত্রিকায় প্রকাশের সাত দিনের মধ্যে অত্র বিভাগকে অবহিত করতে হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(মাহবুবা খাতুন)
উপ-মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০১৪৫